



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
সংস্থাপন শাখা
www.bjri.gov.bd



কৃষিই সমৃদ্ধি

স্মারক নং-১২.২৩.০০০০.০০৪.০৬.০১১.২১. ২০ ০০ (৭)

তারিখ- ২৮/০২/২০


নিয়োগপত্র

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) পদোন্নতি/নিয়োগ কমিটি-২ এর গত ২৬, ২৭ ও ২৮ আগস্ট, ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ মোতাবেক জনাব তানিম হোসাইন, পিতা-মোঃ সিরাজ উদ্দিন, গ্রাম-উত্তর পুমদী, ডাকঘর-পুমদী, উপজেলা-হোসেনপুর, জেলা-কিশোরগঞ্জকে ৯৩০০-২২৪৯০/- (শ্রেণি-১৬) বেতনস্কেলে অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে (নবসৃষ্ট অস্থায়ী) পাট গবেষণা উপকেন্দ্র, কলাপাড়া, পটুয়াখালীতে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো। তার এ নিয়োগের বিষয়ে বিজেআরআই এর পদোন্নতি/নিয়োগ কমিটি-২ সভার উক্ত সুপারিশ বিজেআরআই এর পরবর্তী বোর্ড সভায় ভূতাপেক্ষ অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। এ ক্ষেত্রে বোর্ড এর সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

শর্তসমূহঃ

- ক) তিনি নিয়মিত বেতন ছাড়া ইনস্টিটিউট কর্তৃক কর্মচারীদের দেয় সুবিধাদি ভোগ করতে পারবেন।
- খ) অত্র ইনস্টিটিউটের অধীন কর্মরত অবস্থায় তাকে ইনস্টিটিউটের চাকরির যাবতীয় শর্তাবলী, বেতন, ভবিষ্য তহবিল ও ছুটি ইত্যাদি বিষয়ক বিধি-বিধান মেনে চলতে হবে।
- গ) ইনস্টিটিউট কোন কারণ দর্শানো ব্যতিরেকে ৩ (তিন) মাসের নোটিশ দিয়ে অথবা তৎপরিবর্তে ৩ (তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ পরিশোধ করে চাকরির অবসান করতে পারবে।
- ঘ) তিনি নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট অভিপ্রায় উল্লেখপূর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে চাকরি ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না এবং ঐরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে ইনস্টিটিউটকে ৩ (তিন) মাসের মূলবেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন।
- ঙ) অস্থায়ী চাকরির সময়ে তিনি ১ (এক) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে চাকরি ত্যাগ করতে পারবেন না এবং এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে ইনস্টিটিউটকে ১ (এক) মাসের মূলবেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন।
- চ) অত্র ইনস্টিটিউটের অধীনে বাংলাদেশের যে কোন জায়গায় প্রয়োজনবোধে চাকরির আবশ্যিকতা অনুযায়ী তাকে বদলি করা যাবে।
- ছ) তাকে ৬ (ছয়) মাস শিক্ষানবিস থাকতে হবে। শিক্ষানবিসকালে তার কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান হলে নিয়োগপ্রাপ্ত পদে চাকরি স্থায়ী করা হবে। নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে স্থায়ীকরণ নির্ভর করবে। শিক্ষানবিসকালে তার কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে শিক্ষানবিসকালের মেয়াদ বর্ধিত করা যেতে পারে। বর্ধিত সময়ে কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার চাকরির অবসান করতে পারবেন।
- জ) চাকরিতে যোগদানের সময় পূর্বতন অফিসের (যদি চাকরিরত হন) চাকরির ছাড়পত্র আনতে হবে।
- ঝ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

২। উপরোক্ত শর্তাবলীর আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে তাকে আগামী ০৯-০১-২০২২ তারিখে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, বিজেআরআই বরাবর কাজে যোগদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৮/০২/২০২১

(ড. এস. এম. মাহবুব আলী)

পরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোন-৫৮১৫১২৪১

ইমেইল-bjriinfo@yahoo.com

জনাব তানিম হোসাইন

পিতা-মোঃ সিরাজ উদ্দিন

স্থায়ী ঠিকানা:

গ্রাম-উত্তর পুমদী, ডাকঘর-পুমদী

উপজেলা-হোসেনপুর, জেলা-কিশোরগঞ্জ।

অবগতি ও কার্যার্থে বিতরণঃ

- ১। পরিচালক, পিটিসি/জুট টেক্সটাইল/কারিগরি/কৃষি, বিজেআরআই।
- ২। প্রিন্সিপাল, খামার ব্যবস্থাপনা শাখা, বিজেআরআই।
- ৩। সিস্টেম এনালিস্ট, বিজেআরআই। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৪। উপ-পরিচালক, প্রশাসন/অর্থ ও হিসাব, বিজেআরআই।
- ৫। এসএসও, পাট গবেষণা উপকেন্দ্র, কলাপাড়া, পটুয়াখালী।
- ৬। সকল শাখা প্রধান,, মহাপরিদপ্তর, বিজেআরআই।
- ৭। পিএস টু ডিজি, বিজেআরআই।
- ৮। ব্যক্তিগত নথি।